

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৯৪

ধর্মনগর, ১৩ জুন, ২০২৪

জাতীয় গ্রামীণ জীবিকা মিশন
উত্তর ত্রিপুরা জেলায় কর্মশালা

ত্রিপুরা গ্রামীণ জীবিকা মিশনের উত্তর ত্রিপুরা জেলা মিশন ম্যানেজমেন্টের উদ্যোগে আজ উত্তর ত্রিপুরা জেলাভিত্তিক এক কর্মশালা অনুষ্ঠিত হয়। ধর্মনগরের সার্কিট হাউসে অনুষ্ঠিত এই কর্মশালার উদ্বোধন করেন উত্তর ত্রিপুরা জেলার জেলাশাসক দেবপ্রিয় বর্ধন। জাতীয় গ্রামীণ জীবিকা মিশনে জেলার স্বসহায়ক দলগুলিকে আরও বেশী করে ঋণ পাওয়ার সুযোগ করে দেওয়ার লক্ষ্যে এই কর্মশালার আয়োজন করা হয়। কর্মশালায় উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলাশাসক ও সমাহর্তা সুভাষ চন্দ্র সাহা, জেলার নিড ব্যাংক ম্যানেজার প্রসুন কান্তি দাস, জাতীয় স্তরের রিসোর্সপার্সন তিলক দাস প্রমুখ। কর্মশালায় উত্তর ত্রিপুরা জেলায় আটটি ব্লকের বিডিও, জেলার বিভিন্ন ব্যাংকের ব্রাঞ্চ ম্যানেজার, ব্যাংক সখীগণও কর্মশালায় উপস্থিত ছিলেন। কর্মশালায় স্বসহায়ক দলগুলিকে সহজতরভাবে এবং নির্দিষ্ট সময় সীমার মধ্যে ঋণ প্রদান করার উপর গুরুত্বারোপ করেন জেলাশাসক দেবপ্রিয় বর্ধন। এজন্য ব্যাংকগুলিকে আরও কার্যকরী ভূমিকা নেওয়ার কথা বলেন জেলাশাসক। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন অতিরিক্ত জেলাশাসক সুভাষ চন্দ্র সাহা। কর্মশালার দ্বিতীয় পর্বে স্বসহায়ক দলগুলিকে কিভাবে সহজতর পদ্ধতিতে ঋণ দেওয়া, ঋণ পরিশোধ করার জন্য স্বসহায়ক দলগুলিকে অনুপ্রাণিত করা, স্বসহায়ক দলের সদস্যদের বীমা ও পেনশন ইত্যাদি বিষয়ে আলোচনা করা হয়। উল্লেখ্য, ২০২৩-২৪ অর্থবছরে উত্তর ত্রিপুরা জেলায় ২, ১৫ ১টি স্বসহায়ক দলকে ব্যাংক ঋণ দেওয়া হয়েছে।
